

বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা বিভাগ
বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক
৮৩-৮৮ মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১১২

নথি নম্বর-৩০.৩২.০০০০.০৪১.৯৯.০০৮.১৯(পার্ট-১) / ৬৫


তারিখ: ০৫ মার্চ ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: উত্তাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন বিষয়ক।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, অদ্য ০৫ মার্চ ২০২০ বেলা ০২:০০ বাপক সম্মেলন কক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা মোতাবেক বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী ন্যূনতম একটি উত্তাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন বিষয়ক ধারনা “ফেইসবুক আইডি ব্যবহার করে প্রতি ইউনিটে কর্মরত কর্মকর্তা/কর্মচারী উক্ত ইউনিটে সুবিধাদি সম্বলিত প্রচারণা করণ” বিষয়ক ধারনাটির বাস্তবায়ন মূল্যায়নকরণ বিষয়ক মতবিনিয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন কমিটির সকল সদস্য ছাড়াও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভায় উত্তাবনী ধারণার উপর ইউনিট ও ব্যক্তি পর্যায়ে গৃহীত কার্যক্রমের প্রশংসা করা হয় যার মধ্যে জয় রেস্টোরাঁ সাভার, রাজশাহী, রংপুর, বগুড়া, দিনাজপুর ও কক্ষবাজার উল্লেখযোগ্য। সভায় ধারণাটির আরও গ্রহনযোগ্যতা, জনপ্রিয়তা ও কার্যকরী করার লক্ষ্যে উল্লেখযোগ্য নিয়ন্ত্রিত সুপারিশমালা গ্রহণ করা হয়:

- ০১। নিজ ফেসবুক আইডিতে প্রচারণা ছাড়াও সকল ফেসবুক বন্ধু ও ফলোয়ারদের মধ্যে প্রচার করতে হবে।
- ০২। যথাসম্ভব নিজ প্রতিষ্ঠান/সংস্থা ছাড়াও অন্যান্য সংস্থা/বাণিজ্যিক প্রতিষ্ঠান/ব্যক্তি পর্যায়ে দেশে ও বিদেশে বন্ধুর সংখ্যা বাড়াতে হবে।
- ০৩। সকল ক্ষেত্রে পোষ্টের গুণগত মানের দিকে সর্বোচ্চ সর্তর্কতা অবলম্বন করতে হবে। কোনভাবেই যেন নেতৃবাচক প্রচারণা না হয়। সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে এ ধারণাটির বিষয়ে অধিকতর মনোযোগ দিয়ে কাজটি সম্পূর্ণ করার বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে।
- ০৪। পোষ্ট দেয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য স্থান সহ ইউনিটে আগত সাধারণ/নিয়মিত অতিথিদের ছবি প্রকাশ করা যায়।
- ০৫। উল্লেখযোগ্য ব্যক্তিবর্গ ইউনিট পরিদর্শনের ছবি ও ভিজিটর বুকে তাদের মতামত প্রকাশ করা যায়।
- ০৬। এলাকায় উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের পরিদর্শন খবর সহ অনুষ্ঠিত/অনুষ্ঠিতব্য অনুষ্ঠান/মেলা সহ আকর্ষণীয় অন্যান্য পণ্য (যেমন কৃষি/মৎস্য/ইকোবন/পশুপাখি ইত্যাদি) পোষ্ট দেয়া।
- ০৭। ইউনিট পর্যায়ে প্রতি ০৩ মাস ভিত্তিক ও কেন্দ্রীয় ভাবে ০৬ মাস ভিত্তিক পর্যালোচনাপূর্বক ব্যক্তি ও ইউনিটকে সম্মানীভ করা যায়।


জাফর হোসেন সিকান্দার
মহাব্যবস্থাপক, পরিকল্পনা

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ০১। নিয়ন্ত্রক, হোটেল ও রেস্টোরাঁ সেল, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। মহাব্যবস্থাপক (সকল), বাংলাদেশ পর্যটন করপোরেশন। (নিজ বিভাগে এ বিষয়ে সকলকে অবগত করার অনুরোধ সহ)
- ০৩। ইউনিট ব্যবস্থাপক (সকল), বাংলাদেশ পর্যটন করপোরেশন।
- ০৪। পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক(প্রশাসন ও অর্থ/পরিকল্পনা/বাণিজ্যিক পরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)